গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং -১৩.০১.০০০০.০৩৪.৪৪.০০১.২৩

তারিখ : .০৫.২০২৩ খ্রি.

বিষয় : খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন স্থাপনায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে ২০২২-২৩ অর্থ বছরের সম্মানী ভাতা প্রদানের নিমিত্ত পুনরায় নামের তালিকা প্রেরণ

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের সংস্থা প্রশাসন-১ শাখার পত্র নম্বর- ১৩.০০.০০০০.০২২.৩২.০০১.১৮.২৭৯, তারিখ : ২৮.০৫.২০২৩ খ্রি.

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন সকল স্থাপনায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে ২০২২-২০২৩ অর্থ বছরে সম্মানী ভাতা প্রদানের লক্ষ্যে কর্মরত উপ-সচিব (৫ম গ্রেড) পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে ৩০%, সহকারী সচিব (৯ম গ্রেড)/সিনিয়র সহকারী সচিব (৬ষ্ঠ গ্রেড) পর্যায়ে কর্মকর্তাদের মধ্যে উভয় ক্ষেত্রে অনধিক ৩০%, ১০ম থেকে ১৬তম গ্রেড পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে অনধিক ৩৫%, ১৭তম থেকে ২০তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের মধ্যে অনধিক ৪০% হারে অর্থাৎ আনুপাতিক হারে নামের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক সফট কপি "নিকষ ফ্রন্টে ও মাইক্রোসফট ওয়ার্ডে" এ dd.ppt@dgfood.gov.bd. এই ঠিকানায় এবং পরিচালক, প্রশাসন বরাবর হার্ড কপি আগামী ৩১.০৫.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকরিকাল ০১ (এক) বছর পূর্ণ হয়নি তাদের নাম প্রেরণের প্রয়োজন নেই। আরও উল্লেখ্য যে, সংযুক্তিতে কর্মরতদের ক্ষেত্রে মূল কর্মস্থল উল্লেখপূর্বক সংযুক্তিকৃত কর্মস্থল থেকে নামের তালিকা প্রেরণ করতে হবে।

'ছক'

| ক্র: নং | নাম | পদবি | বর্তমান গ্রেড | কর্মস্থল (প্রযোজ্য ক্ষেত্রে মূল কর্মস্থল উল্লেখ করতে হবে) | কর্মরত সংখ্যা | কর্মরত সংখ্যার ভিত্তিতে আনুপাতিক হারে নির্ধারিত প্রাপ্যতার সংখ্যা | সুপারিশকৃত সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: খাদ্য মন্ত্রণালয়ের সংস্থা প্রশাসন-১ শাখার পত্র

২৯.০৫.২০২৩
অন্তরা মল্লিক
উপপরিচালক (চলতি দায়িত্ব)
বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা
ফোন: ৪১০৫০১৬৯।
dd.ppt@dgfood.gov.bd

বিতরণ :

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন) (সদয় অবগতি ও তাঁর দপ্তরে সংযুক্তিতে কর্মরত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সংশ্লিষ্ট তালিকা প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো)
০২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৪-১০। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/পউকা/চসসা/সংগ্রহ/সববি/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
১২। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা, ২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), ৩য় তলা, খন্দকার রোড, শ্যামপুর, ঢাকা।
১৩। পরিচালক, প্রশাসন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, প্রবাসি কল্যাণ ভবন, ঢাকা (সংযুক্তিতে কর্মরত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে)।
১৪-১৫। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা/বাণিজ্যিক হিসাব নিরীক্ষা/এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৬-২২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগ (আপনার অধীনস্ত সকল স্থাপনা হতে তথ্য সংগ্রহপূর্বক জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২৩-২৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ সাইলো, বি-বাড়ীয়া/সান্তাহার সাইলো, বগুড়া, স্টীল সাইলো, খুলনা
২৮। সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
২৯-৩০। উপপরিচালক, সংস্থাপন/তদন্ত ও মামলা শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩১। মহাপরিচালক এর একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩৩-৩৪। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সংস্থা প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২২.৩২.০০১.১৮.২৭৯

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০
২৮ মে ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে খাদ্য অধিদপ্তরাধীন স্থাপনাসমূহের ১ম থেকে ২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণের সম্মানী ভাতা মঞ্জুরি প্রদান

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৩৪.৩২.০০৫.২০.১২৭; তারিখ: ২৫ মে ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী বাবত ১ম থেকে ৫ম গ্রেডের ৩৪ জন কর্মকর্তা/কর্মচারীর নাম প্রস্তাব করা হয়েছে। কিন্তু অর্থ বিভাগের ২৮.০৩.২০১৮ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০১৭.১৩.৭৭ নম্বর পরিপত্র (অর্থ বিভাগের পরিপত্র) অনুযায়ী ৫ম গ্রেডের উর্ধ্বে কোন কর্মকর্তা শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী ভাতা প্রাপ্য হবেন না। এছাড়া, খাদ্য অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারি কোন গ্রেডে কতজন কর্মরত আছেন তা সূত্রোক্ত স্মারকে উল্লেখ করা হয়নি।

২। এমতাবস্থায়, অর্থ বিভাগের ২৮.০৩.২০১৮ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০১৭.১৩.৭৭ নম্বর পরিপত্রের (ক) শর্ত অনুযায়ী সম্মানী ভাতা প্রদানের জন্য সংশ্লিষ্ট গ্রেডের কর্মকর্তা/কর্মচারির কর্মরত সংখ্যা এবং আনুপাতিক হারে প্রাপ্যতার সংখ্যা উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অর্থ বিভাগের পরিপত্র,

২৮-৫-২০২৩
মোঃ মাহবুবর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৫৫১০০১১২
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল: sasestabadmin@mofood.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)
খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২২.৩২.০০১.১৮.২৭৯/১

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০
২৮ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপপরিচালক (চলতি দায়িত্ব), বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর

২৮-৫-২০২৩
মোঃ মাহবুবর রহমান
উপসচিব